

কোর্ট ট্রাস্ট. প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২০ জুলাই ২০১৬

প্রতি : নোটিস বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী।

হইতে : পরিচালক

বিষয় : কর্মীদের জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধির জন্য পরীক্ষা ব্যবস্থা চালুকরণ প্রসঙ্গে।


প্রিয় সহকর্মীবৃন্দ,

সম্প্রতি আমরা লক্ষ্য করছি যে, পেশাগত ক্ষেত্রে কর্মীদের দক্ষতা এবং সমসাময়িক জ্ঞান অর্জনের আগ্রহ কম। ফলে কর্মীগণ স্ব-স্ব ক্ষেত্রে সংস্থার প্রত্যাশা অনুযায়ী দক্ষতা ও পেশাগত দায়িত্ব পালনে কার্যকরী ভূমিকা পালন করতে পারছেন না। ব্যবস্থাপনা বিশ্বাস করে পেশাগত দায়িত্ব সঠিকভাবে ও কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞান ও দক্ষতা যেমন জরুরি তেমনি পাশাপাশি পারিপার্শ্বিক বিষয়ের উপর জ্ঞান ও সমসাময়িক ধারণা থাকা একান্ত প্রয়োজন। সেই উদ্দেশ্যকে সামনে রেখে ব্যবস্থাপনা কর্মীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করেছে:-

১. এখন থেকে প্রতি চার মাস পর সাধারণ এবং সমসাময়িক বিষয়ের উপর পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথমিক ভাবে এলাকা ব্যবস্থাপক থেকে উপরের পর্যায়ের কর্মীগণ পরীক্ষায় অংশগ্রহণ করবেন।
২. সহকারী পরিচালক থেকে উপরের পদের সহকর্মীগণ এ পরীক্ষা নেবেন এবং MCQ পদ্ধতিতে পরীক্ষা নেওয়া হবে।
৩. পরীক্ষার ফলাফল কর্মীর ব্যক্তিগত ফাইলে সংরক্ষণ করা হবে। প্রতি বছর ব্যাংসরিক বেতন বৃদ্ধির বিষয়টি পরীক্ষার ফলাফলের উপর বিবেচনা করা হবে।
৪. আগস্ট ২০১৬ মাস থেকে পরীক্ষা নেয়া হবে। তাই সংশ্লিষ্ট সকল কর্মীকে সমসাময়িক বিষয়গুলোর উপর সম্যক ধারণা নেয়ার জন্য অনুরোধ করছি।
৫. এই সাকুলারটি অনতিবিলম্বে কার্যকর করা হবে এবং প্রতিটি অফিসের সকল কর্মীর স্বাক্ষর নিয়ে আগামি ৩০ জুলাই, ২০১৬ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো নিশ্চিত করতে হবে।
৬. অত্র সাকুলারের সাথে কেউ দ্বিমত পোষন করলে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে যে কোন মাধ্যমে আগামি ৩০ জুলাই, ২০১৬ তারিখের মধ্যে জানানোর জন্য অনুরোধ করা হলো।

ব্যবস্থাপনা আশা করছে সহকর্মীর জ্ঞান বৃদ্ধির সাথে দক্ষতা বৃদ্ধি হবে।

ধন্যবাদান্তে



সনত কুমার ভৌমিক

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ-পরিচালক ও সহকারী পরিচালক

অফিস কপি